



# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ড্রেজিং বিভাগ, ঢাকা।

নথি নং-১৮.৭৮৭.০১৬.০১.০৫.০৭৮.২০১২

তারিখঃ /০৮/২০১৭ইং

## আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের বিজ্ঞপ্তি

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন এবং বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের ড্রেজিং বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন “২০টি ড্রেজারসহ সহাচক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ” শীর্ষক প্রকল্পে অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সাকুল্য বেতনে আউট সোর্সিং পদ্ধতিতে দক্ষ ও অভিজ্ঞ জনবল সরবরাহের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	প্রতিষ্ঠান	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য
১	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ	ড্রাইভার (গ্রেড-১৬)	২	১৮-৩০ বৎসর (০১ জুলাই- ২০১৭ তারিখ)	অষ্টম শ্রেণী পাস	ক) প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। খ) পূর্ব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

### শর্তাবলী :

১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবেঃ

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন (গ্রেড ভিত্তিক)	সর্বমোট
----------	------------------	----------	------------------------------------	---------

- নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- নিয়োজিত কর্মচারীগণ বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আউটসোর্সিং-এর মাধ্যমে সেবাগ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণ যোগ্য হবে।
- জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতন নির্ধারিত হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৬-১৭ অর্থবছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- নিয়োজিত কর্মচারীগণকে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে। তবে এ জন্য অতিরিক্ত মূল্য/অর্থ দাবী করা যাবে না।
- আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর দক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়িত্ব বহন করতে হবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোনো পক্ষ ০১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
- নিয়োজিত কর্মচারীগণের শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরেই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার জামানত হিসেবে জমা দিবেন যা ফেরতযোগ্য।
- আগ্রহী প্রতিষ্ঠানের নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ৩০/০৮/২০১৭ তারিখ দুপুর ১২.০০টার মধ্যে সিলমোহরকৃত খামে প্রতিটি পদের ০১ (এক) মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ড্রেজিং বিভাগে) দরখাস্ত দাখিল করতে অনুরোধ করা হলো।
- যে কোনো বা সকল দরখাস্ত বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার আবেদনকারী প্রতিষ্ঠানকে গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে।
- নিয়োজিত কর্মচারীগণের প্রতিস্থাপন প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে। তবে কোন জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপনের ক্ষেত্রে অফিসের সম্মতি নিতে হবে।
- কর্তৃপক্ষ শূন্যপদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
- সরবরাহকৃত জনবলের নির্ধারিত তারিখে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে তার জন্য কোন টিএডিএ দেওয়া হবে না।

স্বাক্ষরিত

সহকারী পরিচালক (প্রশাসন)  
ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা।